

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৭২

আগরতলা, ১৭ এপ্রিল, ২০২১

করোনার বর্তমান পরিস্থিতি মোকাবিলায়
রাজ্য সরকার প্রস্তুত রয়েছে : শিক্ষামন্ত্রী

করোনার বর্তমান পরিস্থিতি মোকাবিলায় রাজ্য সরকার সার্বিকভাবে প্রস্তুত রয়েছে। এজন্য বিভিন্ন উদ্যোগও নেওয়া হয়েছে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, বর্তমানে রাজ্যে কোভিড রোগীদের জন্য ৫০৯টি শয্যা রয়েছে। পরিস্থিতি মোকাবিলায় আরও ২,১০০টি শয্যার সংস্থান রাখা হয়েছে। তিনি জানান, এখন পর্যন্ত রাজ্যে কোভিড টিকাকরণের প্রথম ডোজ ৭ লক্ষ ৭২ হাজার জনকে দেওয়া হয়েছে। এরমধ্যে স্বাস্থ্যকর্মীদের প্রথম ডোজ টিকাকরণ হয়েছে ৯৩.৩ শতাংশ। প্রথম সারির কর্মীদের টিকাকরণ হয়েছে ৯৩.৫০ শতাংশ। ৬০ বছর উর্ধ্বে মোট ৩ লক্ষ ৯৮ হাজার ৬২২ জন ব্যক্তির টিকাকরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়। এখন পর্যন্ত ২ লক্ষ ৮৩ হাজার ৯৮৭ জনের টিকাকরণ করা হয়। ৪৫-৫৯ বছর পর্যন্ত ৭ লক্ষ ৬৭ হাজার ৭৩১ জনকে টিকাকরণের লক্ষ্যমাত্রা নেওয়া হয়। এখন পর্যন্ত টিকাকরণ করা হয় ৩ লক্ষ ৮৩ হাজার ৫০৬ জনকে। কোভিড টিকাকরণে রাজ্য এখন দ্বিতীয় স্থানে রয়েছে।

সাংবাদিক সম্মেলনে শিক্ষামন্ত্রী জানান, বর্তমানে সারা রাজ্যে মোট ১,১৪৫টি কোভিড ভ্যাকসিন সেন্টার রয়েছে। টিকাকরণের কাজে যুক্ত রয়েছেন ১,৪৩০ জন স্বাস্থ্যকর্মী। তিনি জানান, বর্তমানে রাজ্যে সক্রিয় করোনা রোগী রয়েছেন ৩৮৩ জন। এরমধ্যে ৩৩৬ জন হোম আইসোলেশনে রয়েছেন এবং ৪৭ জন হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। গতকাল পর্যন্ত পজিটিভিটির হার ছিলো ১.৯৭ শতাংশ। স্বাস্থ্য দপ্তরের প্রধান সচিব জে কে সিনহা প্রতিদিন কোভিড পরিস্থিতি মনিটরিং করবেন। তাছাড়া কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ রাখার জন্য নোডাল অফিসার হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে যুগ্ম সচিব বিশাল কুমারকে।
